জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়
১১০, মতিঝিল বা/এ
ঢাকা।
Website:www.jb.com.bd

রিস্ক ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট
ফোন: ৫৫১১০০৩৭

নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর: ১২৪৩/২৩

তারিখ: ২৮ ডিসেম্বর ২০২৩ / ১৩ পৌষ ১৪৩০

সকল মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক
একান্ত সচিব, এমডি এন্ড সিইও এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/
সকল শাখা এবং সকল সাবসিডিয়ারি কোম্পানি।

বিষয় : ঋণ ও অগ্রিম এর সুদ হার পুনঃনির্ধারণ ।

প্রিয় মহোদয়,

ঋণ ও অগ্রিমের সুদ হার বিষয়ে জারিকৃত প্রধান কার্যালয়ের নির্দেশ বিজ্ঞপ্তি ১২৩৪/২০২৩ তারিখ ৩০.১০.২০২৩-এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

বাংলাদেশ ব্যাংক কর্তৃক মূল্যস্ফীতি পর্যায়ক্রমে হ্রাস করার লক্ষ্যে ঋণের সুদ হার নির্ধারণের ক্ষেত্রে SMART এর সাথে ৩.৫% মার্জিন, প্রি-শিপমেন্ট রপ্তানি ঋণ এবং কৃষি ও পল্লী ঋণের সুদ হার নির্ধারণের ক্ষেত্রে SMART এর সাথে ২.৫% মার্জিন যোগ করে সুদ হার নির্ধারণ করার নির্দেশনা প্রদান করা হয়। এ প্রেক্ষিতে পরিচালনা পর্ষদের ২৫.১০.২০২৩ তারিখে অনুষ্ঠিত ৭৯০তম সভার অনুমোদনক্রমে ঋণ ও অগ্রিমের সুদ হার পুনঃনির্ধারণ সংক্রান্ত নির্দেশ বিজ্ঞপ্তি নং-১২৩৪/২৩ তারিখ ৩০ অক্টোবর ২০২৩ জারি করা হয়।

এক্ষণে, বাংলাদেশের অর্থনীতিতে মূল্যস্ফীতির উর্ধ্বমুখী ধারা অব্যাহত থাকার প্রেক্ষিতে তা হ্রাস করার লক্ষ্যে ঋণের সুদ হার নির্ধারণের ক্ষেত্রে SMART এর সাথে সর্বোচ্চ ৩.৫% মার্জিন এর স্থলে সর্বোচ্চ ৩.৭৫% মার্জিন, প্রি-শিপমেন্ট রপ্তানি ঋণ এবং কৃষি ও পল্লী ঋণের সুদহার নির্ধারণের ক্ষেত্রে SMART এর সাথে ২.৫% এর স্থলে ২.৭৫% মার্জিন যোগ করে সুদ হার নির্ধারণের নির্দেশনা প্রদান করে বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিআরপিডি সার্কুলার লেটার নম্বর ৬৪ তারিখ: ২৭ নভেম্বর ২০২৩ জারি করা হয়েছে।

বাংলাদেশ ব্যাংকের উক্ত নির্দেশনার আলোকে ঋণ ও অগ্রিম এর সুদ হার পুনঃনির্ধারণপূর্বক ০১ জানুয়ারি ২০২৪ তারিখ থেকে কার্যকর করার বিষয়ে বোর্ড অব ডিরেক্টরস এর ২৭ ডিসেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত ৭৯৯তম সভায় অনুমোদন প্রদান করা হয়েছে। উক্ত অনুমোদন মোতাবেক ঋণ ও অগ্রিমের পুনঃনির্ধারিত সুদ হার পরিশিষ্ট-১ এ উল্লেখ করা হলো।

০১ জানুয়ারি ২০২৪ হতে নতুন মঞ্জুরিকৃত/নবায়নকৃত/পুনঃতফসিলকৃত/পুনর্গঠনকৃত ঋণের ক্ষেত্রে পরিবর্তিত সুদহার প্রযোজ্য হবে। এছাড়াও যেসকল ঋণের সুদহার পরিবর্তনের ৬মাস পূর্ণ/অতিক্রান্ত হয়েছে সেসকল ঋণের ক্ষেত্রেও পুনঃনির্ধারিত সুদহার ও নির্দেশনা প্রযোজ্য হবে।

এতদবিষয়ে জারিকৃত নির্দেশ বিজ্ঞপ্তি ১২২১/২৩ তারিখ ০২.০৮.২০২৩ এবং নির্দেশ বিজ্ঞপ্তি ১২৩৪/২৩ তারিখ ৩০.১০.২০২৩সহ এতদসংক্রান্ত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশনা ০১ জানুয়ারি ২০২৪ থেকে কার্যকর হবে।

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

২৮.১২.২০২৩
সুলতানা রাজিয়া
উপমহাব্যবস্থাপক

28.12.2023
মেহের সুলতানা
মহাব্যবস্থাপক

পরিশিষ্ট-১
নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর: ১২৪৩/২৩

বিষয় : ঋণ ও অগ্রিম এর সুদ হার পুন:নির্ধারণ ।

| ক্রম | ঋণ ও অগ্রিমের খাতসমূহ | পুনঃনির্ধারিত সুদহার |
|---|---|---|
| ১. | কৃষি ঋণ: | |
| | ক) সকল প্রকার শস্য ও ফসল উৎপাদন ঋণ কর্মসূচি | SMART+২.৭৫% |
| | খ) ৪% রেয়াতি হার সুদে ডাল, তৈলবীজ, মসলা জাতীয় ফসল ও ভুট্টাচাষ ঋণ কর্মসূচি | ৪% |
| | গ) উদ্যান উন্নয়ন ঋণ কর্মসূচি (কলা, আনারস, পেয়ারা, পেঁপে চাষ, পানবরজ ইত্যাদি) | SMART+২.৭৫% |
| | ঘ) ফলদ, বনজ ও ঔষধি ঋণ কর্মসূচি | SMART+২.৭৫% |
| | ঙ) নার্সারী ও বনায়ন ঋণ কর্মসূচি | SMART+২.৭৫% |
| | চ) কান্দা পদ্ধতিতে পেয়ারা চাষ ঋণ কর্মসূচি | SMART+২.৭৫% |
| | ছ) ফুলচাষ ঋণ কর্মসূচি | SMART+২.৭৫% |
| | জ) ইক্ষু উৎপাদন ঋণ কর্মসূচি | SMART+২.৭৫% |
| | ঝ) এম.এস.এফ.এস.সি.আই.পি | SMART+২.৭৫% |
| | ঞ) সেচ ও কৃষি যন্ত্রপাতি ঋণ কর্মসূচি | SMART+২.৭৫% |
| | ট) 'কৃষি যন্ত্রপাতি (কম্বাইন হারভেস্টার, রিপার ও রাইস ট্রান্সপ্লান্টার) খাতে ঋণ' কর্মসূচি | SMART+২.৭৫% |
| | ঠ) মৎস্য সম্পদ খাতে ঋণ কর্মসূচিসমূহ:- | |
| | i. পুকুরে মৎস্য চাষ ঋণ কর্মসূচি | SMART+২.৭৫% |
| | ii. ভাসমান খাঁচায় মৎস্য চাষ ঋণ কর্মসূচি | SMART+২.৭৫% |
| | iii. সনাতন পদ্ধতিতে চিংড়ি চাষ ঋণ কর্মসূচি | SMART+২.৭৫% |
| | iv. সনাতন পদ্ধতিতে চিংড়ি চাষ (সিসি-হাঃ) ঋণ কর্মসূচি | SMART+২.৭৫% |
| | v. আধানিবিড় পদ্ধতিতে চিংড়ি চাষ ঋণ কর্মসূচি | SMART+২.৭৫% |
| | vi. কাঁকড়া চাষ ঋণ কর্মসূচি | SMART+২.৭৫% |
| | ড) প্রাণিসম্পদ খাতে ঋণ কর্মসূচিসমূহ:- | |
| | i. দুগ্ধবতী গাভীপালন ঋণ কর্মসূচি | SMART+২.৭৫% |
| | ii. উন্নত জাতের গাভীপালন ঋণ | SMART+২.৭৫% |
| | iii. গরু মোটাতাজাকরণ ঋণ কর্মসূচি | SMART+২.৭৫% |
| | iv. হালের গরু/মহিষ ক্রয় ঋণ কর্মসূচি | SMART+২.৭৫% |
| | v. মহিষপালন ঋণ কর্মসূচি | SMART+২.৭৫% |
| | vi. ছাগলপালন ঋণ কর্মসূচি | SMART+২.৭৫% |
| | vii. ভেড়াপালন ঋণ কর্মসূচি | SMART+২.৭৫% |
| | viii. চলনবিল এলাকায় হাঁসপালন ঋণ কর্মসূচি | SMART+২.৭৫% |
| | ix. দুগ্ধ উৎপাদন ও কৃত্রিম প্রজননখাতে ঋণ (পুনঃ অর্থায়ন স্কীম) | |
| | i) পুনঃ অর্থায়ন প্রাপ্তির ক্ষেত্রে- | ৩% |
| | ii) পুনঃ অর্থায়ন প্রাপ্তির অযোগ্য হলে- | SMART+২.৭৫% |
| | ঢ) লবণ উৎপাদন ঋণ কর্মসূচি | ৪% |
| | অকৃষি ঋণ: | |
| | ক) তাঁত ঋণ কর্মসূচি | SMART+২.৭৫% |
| | খ) জমি বন্ধকী ঋণ কর্মসূচি | SMART+২.৭৫% |
| | গ) দারিদ্র্য পীড়িত এলাকায় বিশেষ ঋণ কর্মসূচি | SMART+২.৭৫% |

পরিশিষ্ট-১

নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর: ১২৪৩/২৩

বিষয় : ঋণ ও অগ্রিম এর সুদ হার পুন:নির্ধারণ ।

| ক্রম | ঋণ ও অগ্রিমের খাতসমূহ | পুনঃনির্ধারিত সুদহার |
|---|---|---|
| ২. | পল্লী ঋণ ঃ | |
| | ক) বহুমুখী তদারকি ঋণ | SMART+২.৭৫% |
| | খ) স্বনির্ভর ঋণ | SMART+২.৭৫% |
| | গ) এনজিও লিংকেজ ঋণ/এনবিএফআই | SMART+৩.৭৫% |
| | ঘ) শস্য গুদাম ঋণ | SMART+২.৭৫% |
| | ঙ) ঘরোয়া/পরিবারভিত্তিক ক্ষুদ্র ঋণ | SMART+২.৭৫% |
| | চ) প্রতিবন্ধীদের জন্য ঋণ | SMART+২.৭৫% |
| | ছ) গ্রামীণ নারী কর্মসংস্থান ঋণ | SMART+২.৭৫% |
| | জ) পল্লী পরিবহন ঋণ | SMART+২.৭৫% |
| | ঝ) এসএফডিপি | SMART+২.৭৫% |
| | ঞ) বিআরডিবি ঋণ | SMART+২.৭৫% |
| | ট) পল্লী গৃহনির্মাণ ঋণ (পুনঃ অর্থায়ন স্কীম): | |
| | i. পুনঃঅর্থায়ন প্রাপ্তির ক্ষেত্রে | ৫% |
| | ii. পুনঃঅর্থায়ন প্রাপ্তির অযোগ্য হলে | SMART+২.৭৫% |
| | ঠ) জৈব সার উৎপাদন ঋণ | SMART+২.৭৫% |
| | ড) কেঁচো কম্পোস্ট সার উৎপাদন ঋণ | SMART+২.৭৫% |
| ৩. | বিশেষায়িত ঋণ: | |
| | ক) বাইসাইকেল ঋণ | ৮% |
| | খ) ভাতাপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের জন্য ঋণ | ৮% |
| | গ) প্রশিক্ষিত যুবদের জন্য ঋণ | SMART+২.৭৫% |
| | ঘ) নারী উদ্যোক্তাদের বিশেষ ঋণ (নি:বি: ২৩৩, তারিখ: ০৫/০৯/২০১০) | ব্যাংক রেট+৪% |
| | ঙ) ১০ টাকার হিসাবধারীদের জন্য ঋণ (পুনঃ অর্থায়ন স্কীম) | ৮% |
| | চ) ১০, ৫০ ও ১০০ টাকার হিসাবধারীদের জন্য ঋণ (পুনঃ অর্থায়ন স্কীম) | ৭% |
| | ছ) ক্ষুদ্র ব্যবসায়ী উন্নয়ন প্রকল্পে ঋণ (আরসিডি-২৮০, তারিখ: ১৭.০৬.২০০৪) | SMART+২.৭৫% |
| | জ) নারীবান্ধব স্কুটার ঋণ | ৮% |
| | ঝ) মহিলা উদ্যোক্তা অর্থায়ন কর্মসূচী ঋণ | ৮% |
| ৪. | **খাত: গ্রীন ফাইনান্সিং (পরিবেশ বান্ধব পণ্য/উদ্যোগে অর্থায়ন)** (বাংলাদেশ ব্যাংকের SFD সার্কুলার নং ০৪ তারিখ ২৪.০৭.২০২২ নির্দেশ বিজ্ঞপ্তি ২২১/১০ তারিখ-০৪.০৮.২০১০ অনুযায়ী) | |
| | **ক. সৌর প্যানেল:** | |
| | i) ব্যাংকের নিজস্ব অর্থায়ন | SMART+৩.৭৫% |
| | ii) পুনঃঅর্থায়নের আওতায় | |
| | ঋণ পরিশোধের সময়কাল ৫ (পাঁচ) বছরের কম | ব্যাংক হার অপেক্ষা ১% কম+২% |
| | ঋণ পরিশোধের সময়কাল ৫ (পাঁচ) বছর বা ততোধিক কিন্তু ৮ (আট) বছরের কম | ব্যাংক হার অপেক্ষা ১% কম+২.৫% |
| | ঋণ পরিশোধের সময়কাল ৮ (আট) বছর বা ততোধিক | ব্যাংক হার অপেক্ষা ১% কম+৩% |

পাতা-৩/১০

পরিশিষ্ট-১

নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর: ১২৪৩/২৩

বিষয় : ঋণ ও অগ্রিম এর সুদ হার পুন:নির্ধারণ ।

| ক্রম | ঋণ ও অগ্রিমের খাতসমূহ | পুনঃনির্ধারিত সুদহার |
|---|---|---|
| | **খ. বায়োগ্যাস প্লান্ট / সমন্বিত গাভী পালন ও বায়োগ্যাস প্লান্ট** | |
| | i) ব্যাংকের নিজস্ব অর্থায়ন | SMART+৩.৭৫% |
| | ii) পুনঃঅর্থায়নের আওতায় | |
| | ঋণ পরিশোধের সময়কাল ৫(পাঁচ) বছরের কম | ব্যাংক হার অপেক্ষা ১% কম+২% |
| | ঋণ পরিশোধের সময়কাল ৫(পাঁচ) বছর বা ততোধিক কিন্তু ৮(আট) বছরের কম | ব্যাংক হার অপেক্ষা ১% কম+২.৫% |
| | ঋণ পরিশোধের সময়কাল ৮(আট) বছর বা ততোধিক | ব্যাংক হার অপেক্ষা ১% কম+৩% |
| | **গ. বর্জ্য পরিশোধন প্ল্যান্ট (Effluent Treatment Plant-ETP):** | |
| | i) ব্যাংকের নিজস্ব অর্থায়ন | SMART+৩.৭৫% |
| | ii) পুনঃঅর্থায়নের আওতায় | |
| | ঋণ পরিশোধের সময়কাল ৫(পাঁচ) বছরের কম | ব্যাংক হার অপেক্ষা ১% কম+২% |
| | ঋণ পরিশোধের সময়কাল ৫(পাঁচ) বছর বা ততোধিক কিন্তু ৮(আট) বছরের কম | ব্যাংক হার অপেক্ষা ১% কম+২.৫% |
| | ঋণ পরিশোধের সময়কাল ৮(আট) বছর বা ততোধিক | ব্যাংক হার অপেক্ষা ১% কম+৩% |
| | ঘ. ইট ভাটায় কার্বন নির্গমন হ্রাসের উদ্দেশ্যে (Hybrid Hoffman Kiln-HHK)/সমমানের প্রযুক্তি সম্পন্ন প্ল্যান্ট স্থাপন | |
| | i) ব্যাংকের নিজস্ব অর্থায়ন | SMART+৩.৭৫% |
| | ii) পুনঃঅর্থায়নের আওতায় | |
| | ঋণ পরিশোধের সময়কাল ৫(পাঁচ) বছরের কম | ব্যাংক হার অপেক্ষা ১% কম+২% |
| | ঋণ পরিশোধের সময়কাল ৫(পাঁচ) বছর বা ততোধিক কিন্তু ৮(আট) বছরের কম | ব্যাংক হার অপেক্ষা ১% কম+২.৫% |
| | ঋণ পরিশোধের সময়কাল ৮(আট) বছর বা ততোধিক | ব্যাংক হার অপেক্ষা ১% কম+৩% |
| | ঙ. সোলার ইরিগেশন পাম্পিং সিস্টেম: | |
| | i) ব্যাংকের নিজস্ব অর্থায়ন | SMART+৩.৭৫% |
| | ii) পুনঃঅর্থায়নের আওতায় | ব্যাংক রেট+ ২% |
| | চ. বাংলাদেশ ব্যাংক নির্ধারিত পরিবেশবান্ধব অন্যান্য পণ্য/উদ্যোগের ক্ষেত্রে (নতুন সংযোজনের প্রস্তাব)। | |
| | i) ব্যাংকের নিজস্ব অর্থায়ন | SMART+৩.৭৫% |
| | ii) পুনঃঅর্থায়নের আওতায় | |
| | ঋণ পরিশোধের সময়কাল ৫(পাঁচ) বছরের কম | ব্যাংক হার অপেক্ষা ১% কম+২% |
| | ঋণ পরিশোধের সময়কাল ৫(পাঁচ) বছর বা ততোধিক কিন্তু ৮(আট) বছরের কম | ব্যাংক হার অপেক্ষা ১% কম+২.৫% |
| | ঋণ পরিশোধের সময়কাল ৮(আট) বছর বা ততোধিক | ব্যাংক হার অপেক্ষা ১% কম+৩% |

পরিশিষ্ট-১
নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর: ১২৪৩/২৩

বিষয় : ঋণ ও অগ্রিম এর সুদ হার পুন:নির্ধারণ ।

| ক্রম | ঋণ ও অগ্রিমের খাতসমূহ | পুনঃনির্ধারিত সুদহার |
|---|---|---|
| ৫. | শিল্প/প্রকল্প ঋণঃ | |
| | ক. বৃহৎ ও মাঝারী শিল্পে প্রকল্প ঋণ (কৃষি ভিত্তিক শিল্প ব্যতীত) ঃ (প্রকল্প, বিএমআরই/কনসোর্টিয়াম) | SMART+৩.৭৫% |
| | খ. কৃষি ভিত্তিক প্রকল্প ঋণ (ডেইরী, বীফ ফ্যাটেনিং, পোল্ট্রি, মৎস্য চাষ, আধা নিবিড় চিংড়ি, হ্যাচারী খামার ইত্যাদি) | SMART+২.৭৫% |
| | গ. কৃষি ভিত্তিক শিল্প ঋণ | SMART+২.৭৫% |
| | ঘ. ক্ষুদ্র ও কুটির শিল্পে প্রকল্প ঋণ ঃ | |
| | i) ক্ষুদ্র শিল্প ঋণ | SMART+৩.৭৫% |
| | ii) কুটির শিল্প ঋণ | SMART+৩.৭৫% |
| | নোট: পরিশোধসূচী অনুযায়ী কিস্তি যথাসময়ে পরিশোধ করা হলে পুনঃনির্ধারিত সুদহার প্রযোজ্য হবে। | |
| ৬. | বাণিজ্যিক/চলতি মূলধন ঋণ {সিসি-(হাঃ)/সিসি-প্লেজ)}ঃ | |
| | ক. বৃহৎ ও মাঝারী শিল্পে চলতি মূলধন ঋণ | SMART+৩.৭৫% |
| | খ. কৃষি ভিত্তিক প্রকল্পে চলতি মূলধন | SMART+২.৭৫% |
| | গ. কৃষি ভিত্তিক শিল্পে চলতি মূলধন ঋণ | SMART+২.৭৫% |
| | ঘ. ক্ষুদ্র ও কুটির শিল্পে চলতি মূলধন ঋণ | SMART+৩.৭৫% |
| | ঙ. ব্যবসা খাতে চলতি মূলধন ঋণ | SMART+৩.৭৫% |
| | চ. সেবা খাতে চলতি মূলধন ঋণ | SMART+৩.৭৫% |
| | ছ. ইট ভাটায় চলতি মূলধন ঋণ | SMART+৩.৭৫% |
| | নোট: ঋণের স্থিতি মঞ্জুরিকৃত সীমার মধ্যে থাকলে পুনঃনির্ধারিত সুদ হার প্রযোজ্য হবে। | |
| ৭. | এসওডি ঋণ ঃ এসওডি (F/O) (এফডিআর এবং অন্যান্য ডিপোজিট স্কীমের বিপরীতে) | সংশ্লিষ্ট হিসাবের সুদ হার + ৩% |
| ৮. | ওয়েজ আর্নারস ডেভেলপমেন্ট বন্ড, ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড ও ইউএস ডলার প্রিমিয়াম বন্ড এর বিপরীতে ঋণ | |
| | ক. ওয়েজ আর্নারস ডেভেলপমেন্ট বন্ডের বিপরীতে ঋণ/অগ্রিম | SMART+৩.৭৫% |
| | খ. ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ডের বিপরীতে ঋণ/অগ্রিম | SMART+৩.৭৫% |
| | গ. ইউএস ডলার প্রিমিয়াম বন্ডের বিপরীতে ঋণ/অগ্রিম | SMART+৩.৭৫% |
| | অনুসরণীয় শর্তাবলী:<br>১. ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড, ইউএস ডলার প্রিমিয়াম বন্ড এবং ওয়েজ আর্নারস ডেভেলপমেন্ট বন্ড সম্পর্কিত সরকারী নির্দেশনা প্রযোজ্য হবে।<br>২. উক্ত বন্ড লিয়েন/জামানত রেখে ঋণ প্রদানের ক্ষেত্রে SOD (FO) নীতিমালা, এফডি সার্কুলার নং-১৯৭/১৬ তারিখ ২০.১২.২০১৬ এবং এতদবিষয়ে সময়ে সময়ে জারিকৃত নির্দেশনা অনুসরণীয় হবে। | |
| ৯. | রপ্তানি খাতে অর্থায়ন ঃ | |
| | ক. ইসিসি (হাঃ ও প্লেজ)<br>তৈরি পোশাক, হিমায়িত খাদ্য ও কৃষি পণ্যভিত্তিক রপ্তানি ঋণ, চামড়া ও চামড়াজাত পণ্য রপ্তানির উদ্দেশ্যে চলতি মূলধন।<br>নোট: প্রতিটি ড্রয়িং ১২০ দিনের মধ্যে সমন্বয় করা হলে পুনঃনির্ধারিত সুদহার প্রযোজ্য হবে। | SMART+২.৭৫% |
| | খ. প্যাকিং ক্রেডিট (পিসি) {নিঃ বিঃ ৩৫৬০ মোতাবেক ঋণপত্র/ চুক্তিপত্রের বিপরীতে চলতি মূলধন}<br>নোট: ৪৫ দিনের মধ্যে সমন্বয় করা হলে পুনঃনির্ধারিত সুদ হার প্রযোজ্য হবে। | SMART+২.৭৫% |

পরিশিষ্ট-১

নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর: ১২৪৩/২৩

বিষয় : ঋণ ও অগ্রিম এর সুদ হার পুন:নির্ধারণ ।

| ক্রম | ঋণ ও অগ্রিমের খাতসমূহ | পুনঃনির্ধারিত সুদহার |
|---|---|---|
| | গ. পিএডি (ইডিএফ) : এফডি সার্কুলার নং ৩৭০ তারিখ ০৫/০৫/২০২২ মোতাবেক (বাংলাদেশ ব্যাংক নির্ধারিত ইডিএফ এর সাধারন সুদ হার ৪.৫% + ১.০% =৫.৫%) | ৫.৫% |
| | ঘ. লোন ইডিএফ: এফডি সার্কুলার নং ৩৯৭ তারিখ ০৭/০২/২০২৩ মোতাবেক (বাংলাদেশ ব্যাংক হতে প্রাপ্ত ফান্ড, বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে জারিকৃত সার্কুলার দ্বারা নির্ধারিত সুদ যা পরিবর্তনশীল ) | ৪.৫% |
| | ঙ. লোন ইডিএফ: এফডি সার্কুলার নং ৪০২ তারিখ ২৩/০৩/২০২৩ মোতাবেক (বাংলাদেশ ব্যাংক এ ইডিএফ দায়ের ওভারডিউকালীন সময়ের জন্য অর্থাৎ মেয়াদোত্তীর্ণ সময় হতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ফান্ড কর্তনের তারিখ পর্যন্ত আরোপিত দন্ডসুদসহ মোট সুদ, যা বর্তমানে সাধারন সুদ ৪.৫% + দন্ড সুদ ৪.০% =৮.৫%) | ৮.৫% |
| | চ. রপ্তানি সহায়ক প্রাক-অর্থায়ন তহবিল (ইএফপিএফ): নির্দেশ বিজ্ঞপ্তি নং- ১১৮৫/২৩ তারিখ ৩০/০১/২০২৩ মোতাবেক বাংলাদেশ ব্যাংক হতে প্রাপ্ত ফান্ড, বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে জারিকৃত সার্কুলার দ্বারা নির্ধারিত সুদ যা পরিবর্তনশীল ) | ৫% |
| | ছ. সিসি (হাঃ) (নিঃবিঃ ৩৫৬০ অনুযায়ী)<br>নোটঃ প্রতিটি ড্রয়িং ১২০ দিনের মধ্যে সমন্বয় করা হলে পুনঃনির্ধারিত সুদ হার প্রযোজ্য হবে। | SMART+৩.৭৫% |
| | জ. লোন জেনারেল (নিঃবিঃ ৩৫৬০ অনুযায়ী)<br>নোটঃ পরিশোধসূচী অনুযায়ী যথাসময়ে কিস্তি পরিশোধ করা হলে পুনঃনির্ধারিত সুদ হার প্রযোজ্য হবে। | SMART+৩.৭৫% |
| | ঝ. রপ্তানি খাতে প্রাপ্য নগদ সহায়তার বিপরীতে ঋণ<br>নোটঃ নির্দিষ্ট মেয়াদের মধ্যে পরিশোধ করা হলে পুনঃনির্ধারিত সুদ হার প্রযোজ্য হবে। | SMART+৩.৭৫% |
| | ঞ. এলডিবিপি/এফডিবিপি/এফডিবিপি (জিএমটি) | SMART+৩.৭৫% |
| | ট. এলটিআর (এফসি) {নিঃবিঃ ৪৪/০৮ অনুযায়ী}<br>নোটঃ মঞ্জুরিপত্রের শর্তানুযায়ী পরিশোধ করা হলে পুনঃনির্ধারিত সুদ হার প্রযোজ্য হবে। | SMART+৩.৭৫% |
| | ঠ. রপ্তানি প্রকল্পে বিএমআরই (নিঃবিঃ ১৩৯/০৯ অনুযায়ী)<br>নোটঃ মঞ্জুরিপত্রের শর্তানুযায়ী পরিশোধ করা হলে পুনঃনির্ধারিত সুদ হার প্রযোজ্য হবে। | SMART+৩.৭৫% |
| | ড. ডিমান্ড লোন (বিবিএলসি)<br>নোটঃ ডিমান্ড লোন সৃষ্টি হবার ৩০ দিনের মধ্যে সমন্বয় করা হলে পুনঃনির্ধারিত সুদ হার প্রযোজ্য হবে। | SMART+৩.৭৫% |
| | রপ্তানি খাতে অর্থায়ন (অনুসরণীয় শর্তাবলী):<br>১. ক্রমিক ৯ (ক) এ বর্ণিত ঋণ সুবিধার ক্ষেত্রে ঋণ মেয়াদোত্তীর্ণ হলে / যথাসময়ে ঋণ পরিশোধিত/সমন্বিত না হলোঃ<br>(i) প্রত্যাবাসিত রপ্তানি মূল্য দ্বারা পরিশোধিত হলে ঋণ বিতরণের সময় হতে ঋণের সুদের হার হবে SMART+২.৭৫%। এছাড়াও মেয়াদোত্তীর্ণ বিবেচনায় দন্ড সুদ হিসেবে অতিরিক্ত ১.৫% সুদ আরোপযোগ্য হবে।<br>(ii) প্রত্যাবাসিত রপ্তানি মূল্য দ্বারা পরিশোধিত না হলে ঋণ বিতরণের সময় হতে ঋণের সুদের হার হবে SMART+৩.৭৫%। এছাড়াও মেয়াদোত্তীর্ণ বিবেচনায় দন্ড সুদ হিসেবে অতিরিক্ত ১.৫% সুদ আরোপযোগ্য হবে।<br>২. ক্রমিক ৯(খ) এ বর্ণিত ঋণ সুবিধার ক্ষেত্রে ঋণ মেয়াদোত্তীর্ণ হলে বা যথাসময়ে ঋণ পরিশোধিত/সমন্বিত না হলে ঋণের সুদের হার হবে SMART+৩.৭৫%। এছাড়াও মেয়াদোত্তীর্ণ বিবেচনায় দন্ড সুদ হিসেবে অতিরিক্ত ১.৫% সুদ আরোপযোগ্য হবে। | |

বিষয় : ঋণ ও অগ্রিম এর সুদ হার পুন:নির্ধারণ ।

| ক্রম | ঋণ ও অগ্রিমের খাতসমূহ | পুনঃনির্ধারিত সুদহার |
|---|---|---|
| | ৩. ক্রমিক ৯(গ) এ বর্ণিত ঋণের মেয়াদ ৩০ দিন পর্যন্ত সুদ হার হবে ৫.৫% (৪.৫০%+এফডি সার্কুলার নং ৩৭০ তারিখ ০৫/০৫/২০২২ অনুযায়ী ১%)। বাংলাদেশ ব্যাংক হতে ফান্ড পাওয়া না গেলে ঋণের মেয়াদ পরবর্তী ৩০ দিন পর্যন্ত SMART+২.৭৫% সুদ হার প্রযোজ্য হবে। ঋণের মেয়াদ মোট ৬০ দিন অতিক্রান্ত হওয়ার পরও বাংলাদেশ ব্যাংক হতে ফান্ড পাওয়া না গেলে মেয়াদোত্তীর্ণ বিবেচনায় সুদের হার হবে SMART+৩.৭৫%। এছাড়াও মেয়াদোত্তীর্ণ বিবেচনায় দন্ড সুদ হিসেবে অতিরিক্ত ১.৫% সুদ আরোপযোগ্য হবে। কোন কারনে ইডিএফ এর আওতায় প্রাপ্যতার অতিরিক্ত পিএডি (ইডিএফ) সৃষ্টি হলে অতিরিক্ত দায়ের উপর সাধারণ সুদ হার SMART+৩.৭৫% প্রযোজ্য হবে এবং পিএডি (ইডিএফ) সৃষ্টির সময় থেকেই মেয়াদোত্তীর্ণ বিবেচনায় দন্ড সুদ হিসেবে অতিরিক্ত ১.৫% সুদ আরোপযোগ্য হবে।<br>৪. ক্রমিক ৯(ঘ, ঙ) এ বর্ণিত ঋণ যথাসময়ে পরিশোধিত/সমন্বিত না হলে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জনতা ব্যাংকের ফান্ড কর্তন করে সমন্বয় করা হলে ডিমান্ড লোন ইডিএফ দায় সৃষ্টি হবে এবং কর্তনকালীন সময় থেকে সুদ হার হবে SMART+৩.৭৫%। এছাড়াও মেয়াদোত্তীর্ণ বিবেচনায় দন্ড সুদ হিসেবে অতিরিক্ত ১.৫% সুদ আরোপযোগ্য হবে।<br>৫. ক্রমিক ৯(চ) এ বর্ণিত ঋণ যথাসময়ে পরিশোধিত/সমন্বিত না হলে ঋণের সুদ হার হবে SMART+৩.৭৫%। এছাড়াও মেয়াদোত্তীর্ণ বিবেচনায় দন্ড সুদ হিসেবে অতিরিক্ত ১.৫% সুদ আরোপযোগ্য হবে।<br>৬. ক্রমিক ৯(ছ-ড) এ বর্ণিত ঋণ সুবিধার ক্ষেত্রে ঋণ মেয়াদোত্তীর্ণ হলে বা যথাসময়ে ঋণ পরিশোধিত/সমন্বিত না হলে দন্ড সুদ হিসেবে অতিরিক্ত ১.৫% সুদ আরোপযোগ্য হবে। | |
| ১০. | আমদানি খাতে অর্থায়ন ঃ | |
| | ক. পিএডি (Cash/Wes/ Aid)<br>**নোট:** পিএডি দায় সৃষ্টি (Nostro Account Debit হওয়ার দিন থেকে) হওয়ার ৩০ দিনের মধ্যে সমন্বয় করলে পুনঃনির্ধারিত সুদ হার প্রযোজ্য হবে। পিএডি (Cash/Wes/ Aid) দায় সৃষ্টির ৩০ দিনের মধ্যে গ্রাহক কর্তৃক পরিশোধ করা না হলে নিঃ বিঃ-৮৫০/১৮ তারিখ ১৩.১১.২০১৮ এর নির্দেশনা মেনে ফোর্সড ডিমান্ড লোন সৃষ্টি করে পিএডি হিসাবের দায় সমন্বয় করতে হবে। | SMART+৩.৭৫% |
| | খ. লিম<br>নোট: মঞ্জুরিপত্রের শর্তানুযায়ী পরিশোধ করা হলে পুনঃনির্ধারিত সুদ হার প্রযোজ্য হবে। | SMART+৩.৭৫% |
| | গ. এলটিআর<br>নোট: মঞ্জুরিপত্রের শর্তানুযায়ী পরিশোধ করা হলে পুনঃনির্ধারিত সুদ হার প্রযোজ্য হবে। | SMART+৩.৭৫% |
| | ঘ. ডিমান্ড লোন (ক্যাশ)<br>নোট: ত্রৈমাসিক ভিত্তিতে চক্রবৃদ্ধি হারে সুদ আরোপ করতে হবে। | SMART+৩.৭৫% |
| ১১. | কনজ্যুমারস ফাইন্যান্সিং: | |
| | ক. পার্সোনাল লোন | SMART+৩.৭৫% |
| | খ. কনজ্যুমারস ক্রেডিট | SMART+৩.৭৫% |
| | গ. চাকুরিজীবি ঋণ | SMART+৩.৭৫% |
| | ঘ. ডক্টরস লোন | SMART+৩.৭৫% |
| | ঙ. অটো লোন | SMART+৩.৭৫% |
| | চ. গৃহসংস্কার লোন | SMART+৩.৭৫% |
| | ছ. আইসিটি ঋণ (পূর্বের সাইবার ক্যাফে ঋণ) | SMART+৩.৭৫% |
| | জ. জনতা কেয়ার-স্বাস্থ্য সেবা ঋণ (নিঃবিঃ-৮৪০/১৮) | SMART+৩.৭৫% |
| | ঝ. জনতা সাপোর্ট পেনশনভোগীদের জন্য বিশেষ ঋণ (নিঃবিঃ-৮৭৮/১৯) | SMART+৩.৭৫% |

পরিশিষ্ট-১

নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর: ১২৪৩/২৩

বিষয় : ঋণ ও অগ্রিম এর সুদ হার পুন:নির্ধারণ ।

| ক্রম | ঋণ ও অগ্রিমের খাতসমূহ | পুনঃনির্ধারিত সুদহার |
|---|---|---|
| ১২. | জনতা ব্যাংক শিক্ষা ঋণ (নিঃবিঃ-১০৯০/২১) | SMART+৩.৭৫% |
| ১৩. | শিক্ষা ঋণ | SMART+৩.৭৫% |
| ১৪. | বৈদেশিক চাকুরীতে নিয়োগপ্রাপ্তদের জন্য ঋণ | SMART+৩.৭৫% |
| ১৫. | অন্যান্য ঋণ: | |
| | ক. পরিবহন ঋণ | SMART+৩.৭৫% |
| | খ. সাধারণ গৃহনির্মাণ ঋণ (একক গৃহ নির্মাণ ঋণ ও এপার্টমেন্ট ক্রয় ঋণ) (নিঃবিঃ-৬২/০৮) | SMART+৩.৭৫% |
| | গ. কমার্শিয়াল রিয়েল এস্টেট ঋণ (নিঃবিঃ-১২০/০৯) | SMART+৩.৭৫% |
| | ঘ. কার্যাদেশ (ওয়ার্ক অর্ডার) এর বিপরীতে ঋণ | SMART+৩.৭৫% |
| | ঙ. ট্রাভেল এজেন্ট ঋণ | SMART+৩.৭৫% |
| | চ. ডায়াগনষ্টিক ব্যবসার জন্য ঋণ | SMART+৩.৭৫% |
| | ছ. লোন জেনারেল (F/O) (এফডিআর এবং অন্যান্য ডিপোজিট স্কীমের বিপরীতে) | সংশ্লিষ্ট হিসাবের সুদ হার +৩% |
| | জ. জাতীয় বিনিয়োগ বন্ড, আইসিবি ইউনিট, বীমা পলিসি, শেয়ার, ডিবেঞ্চার ইত্যাদির বিপরীতে ঋণ | SMART+৩.৭৫% |
| | ঝ. খাদ্য মন্ত্রণালয় (অভ্যন্তরীণ খাদ্য শস্য সংগ্রহসহ) | SMART+৩.৭৫% |
| | ঞ. সরকারি কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ (নিঃবিঃ-৮৪৫/১৮, তারিখ-২৩.১০.২০১৮) (সরল সুদে, ঋণগ্রহিতা ব্যাংক রেটের সমহারে যা বর্তমানে ৪% এবং অবশিষ্ট ৫% সরকার ভর্তুকি প্রদান করবে।) | ৯% |
| | ট. পাবলিক বিশ্ববিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর শিক্ষক/কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ (নিঃবিঃ-৯৩১/২০, তারিখ-২২.০৩.২০২০) (সরল সুদে, ঋণগ্রহিতা ব্যাংক রেটের সমহারে যা বর্তমানে ৪% এবং অবশিষ্ট ৫% সরকার ভর্তুকি প্রদান করবে।) | ৯% |
| | ঠ. পরিবহন (জলযান) ঋণ | SMART+৩.৭৫% |
| ১৬. | বিশেষ অর্থনৈতিক এলাকায় (SEZ) (রাঙ্গামাটি, খাগড়াছড়ি এবং বান্দরবান এলাকা) এর সকল কর্মসূচি/প্রকল্পে নির্ধারিত সুদ হার হবে নিম্নরূপঃ (নিম্নের ক্রমিক ক এবং খ-এ উল্লেখিত সুদ হার অ-উপজাতির ক্ষেত্রে প্রযোজ্য হবে না) | |
| | ক. উপজাতীয় মালিকানাধীন এবং উপজাতীয় ও অ-উপজাতীয় যৌথ মালিকানাধীন উৎপাদনমুখি প্রকল্প ঋণ ৫% সরল সুদে বার্ষিক ১০(দশ) টি কিস্তিতে পরিশোধযোগ্য। | ৫% |
| | খ. উপজাতীয় মালিকানাধীন অন্যান্য সকল প্রকার ঋণের ক্ষেত্রেও ৫% সরল সুদ হার প্রযোজ্য হবে। | ৫% |
| ১৭. | মুজিববর্ষ স্মারক ঋণ | ৫% |
| ১৮. | ক্রেডিট কার্ড | ১৪% |

**অনুসরণীয় শর্তাবলী:**

১. বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১৮২ দিন মেয়াদি ট্রেজারি বিলের বাজার সুদকে ভিত্তি ধরে একটি রেফারেন্স রেট নির্ণয় করা হবে যা Six Months Moving Average Rate of Treasury Bill (SMART) নামে অভিহিত হবে। প্রতিমাসের সুদ হার পূর্ববর্তী মাসের SMART রেট এর ভিত্তিতে নির্ধারিত হবে। SMART রেট অনুযায়ী প্রতিমাসে আইসিটি-অপারেশন ডিপার্টমেন্ট কর্তৃক সিবিএস এ ঋণ ও অগ্রিমের সুদ হার হালনাগাদ করতে হবে। ডেট (Debt) ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট কর্তৃক নির্ণীত এ SMART index প্রতিমাসের প্রথম কর্মদিবসে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

পরিশিষ্ট-১

নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর: ১২৪৩/২৩

বিষয় : ঋণ ও অগ্রিম এর সুদ হার পুন:নির্ধারণ ।

২. সিএমএসএমই ঋণ এবং ভোক্তা ঋণের (Consumer financing) আওতাধীন পারসোনাল ঋণ (Personal loan) ও গাড়ি ক্রয় ঋণ (Auto Loan) এর ক্ষেত্রে উল্লিখিত সুদ হারের অতিরিক্ত ১% সুপারভিশন চার্জ আদায় করতে হবে। উক্ত সুপারভিশন চার্জ বছরে একবার আদায়/আরোপ করতে হবে। বার্ষিক ভিত্তিতে (Yearly) আরোপিত এ সুপারভিশন চার্জের উপর চক্রবৃদ্ধি হারে কোনো চার্জ বা সুদ আরোপ করা যাবে না। তবে কোনো ঋণ হিসাব বছরের মধ্যবর্তী সময়ে সমন্বিত করার ক্ষেত্রে ১% হারে আনুপাতিক সময়ের জন্য সুপারভিশন চার্জ আদায় করতে হবে। উক্ত সুপারভিশন চার্জের উপর বিধি মোতাবেক ভ্যাট প্রযোজ্য হবে যা গ্রাহকের নিকট হতে আদায় করতে হবে।

৩. বাংলাদেশ ব্যাংক বা সরকার কর্তৃক গঠিত প্রণোদনা প্যাকেজ/বিশেষ তহবিলের আওতায় প্রদত্ত ঋণের সুদ হার নির্ধারণে সংশ্লিষ্ট তহবিলের জন্য প্রণীত নীতিমালা প্রযোজ্য হবে।

৪. ক্রেডিট কার্ডের সুদ হার নির্ধারণের ক্ষেত্রে ক্রেডিট কার্ড সংক্রান্ত বিদ্যমান সার্কুলার/সার্কুলার লেটারে বর্ণিত নির্দেশনা বলবৎ থাকবে।

৫. সুদ হার পরিবর্তনের ফলে গ্রাহকের ঋণের প্রদেয় কিস্তির পরিবর্তনের প্রয়োজনীয়তা দেখা দিলে কিস্তি পুনঃনির্ধারণ করতে হবে এবং এ বিষয়ে পূর্বে আবশ্যিকভাবে গ্রাহককে অবহিত করতে হবে।

৬. SMART পরিবর্তনশীল বিধায় নতুন মঞ্জুরি/নবায়ন/পুনঃতফসিল/পুনর্গঠন-এর ক্ষেত্রে ঋণের সুদ হার হবে পরিবর্তনশীল। প্রতিটি মঞ্জুরি/নবায়ন/পুনঃতফসিল/পুনর্গঠন-এর ক্ষেত্রে মঞ্জুরিপত্রে প্রযোজ্য SMART এর ওপর ভিত্তি করে প্রযোজ্য সুদের হার সুস্পষ্ট উল্লেখপূর্বক সুদ হারের পাশে 'পরিবর্তনশীল' শব্দটি উল্লেখ করতে হবে।

৭. নতুন মঞ্জুরিকৃত/নবায়নকৃত/পুনঃতফসিলকৃত/পুনর্গঠনকৃত ঋণের ক্ষেত্রে সংশ্লিষ্ট মাসের জন্য নির্ধারিত সুদ হার কার্যকর হবে। সকল ক্ষেত্রে ঋণের সুদ হার হবে পরিবর্তনশীল এবং তা আবশ্যিকভাবে মঞ্জুরিপত্রে উল্লেখ করতে হবে এবং সকল শর্তসহ গ্রাহকের নিকট হতে acceptance গ্রহণ করতে হবে। প্রধান কার্যালয় কর্তৃক ঋণের সুদ হার পরিবর্তন করা হলেও পরিবর্তনশীল প্রকৃতির সুদ হার প্রয়োগের ক্ষেত্রে প্রতি ০৬ মাস পর পর পরিবর্তনযোগ্য হবে। উদাহরণস্বরূপ ১৬ জুলাই ২০২৩ তারিখে নতুন মঞ্জুরি/নবায়ন/পুনঃতফসিল/পুনর্গঠন করা হলে পরিবর্তনশীল সুদ হার ১৬ জানুয়ারি ২০২৪ তারিখে পরিবর্তনযোগ্য হবে।

৮. সুদ হার পরিবর্তনের বিষয়টি সকল ঋণগ্রহীতাকে অবহিত করতে হবে। কোনো গ্রাহক উক্ত সুদ হার পরিবর্তন বা অন্য কোনো কারণে আর্লি সেটেলমেন্ট করতে চাইলে বিআরপিডি সার্কুলার নম্বর ১১/২০২১ তারিখ ১০ জুন ২০২১ এর নির্দেশনা মোতাবেক আর্লি সেটেলমেন্ট চার্জ প্রযোজ্য হবে।

৯. কৃষি ও পল্লী ঋণের বিষয়ে সময়ে সময়ে আরসিডি-৩ এবং আরসিডি-৪ কর্তৃক জারিকৃত সার্কুলার ও পত্রের নির্দেশনা কার্যকর হবে। এতদবিষয়ে কোনো তথ্য স্পষ্টীকরণের প্রয়োজনে রিটেইল কাস্টমার ডিপার্টমেন্ট-৩ ও রিটেইল কাস্টমার ডিপার্টমেন্ট-৪-এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

১০. কোনো ঋণ অথবা ঋণের কিস্তি সম্পূর্ণ বা আংশিক মেয়াদোত্তীর্ণ (Overdue) হিসেবে চিহ্নিত হলে যে সময়ের জন্য মেয়াদোত্তীর্ণ হবে, উক্ত সময়ে চলমান ঋণ/তলবী ঋণের ক্ষেত্রে সম্পূর্ণ ঋণস্থিতির উপর এবং মেয়াদি ঋণের ক্ষেত্রে মেয়াদোত্তীর্ণ কিস্তির উপর ১.৫০ শতাংশ হারে দন্ড সুদ আরোপ করতে হবে। অর্থাৎ:-

ক) চলমান ঋণসমূহ (সিএল-২ এ প্রদর্শিত) মেয়াদ উত্তীর্ণের পরের দিন হতে নির্দেশ বিজ্ঞপ্তিতে বর্ণিত সুদ হারের পাশাপাশি সম্পূর্ণ ঋণস্থিতির উপর আরো ১.৫০ শতাংশ হারে দন্ড সুদ আরোপ করে আদায় করতে হবে।

খ) তলবী ঋণসমূহ (সিএল-৩ এ প্রদর্শিত) মেয়াদ উত্তীর্ণের পরের দিন হতে নির্দেশ বিজ্ঞপ্তিতে বর্ণিত সুদ হারের পাশাপাশি সম্পূর্ণ ঋণস্থিতির উপর আরো ১.৫০ শতাংশ হারে দন্ড সুদ আরোপ করে আদায় করতে হবে।

গ) মেয়াদী ও অন্যান্য ঋণসমূহ (সিএল-৪ ও ৫ এ প্রদর্শিত) মেয়াদ উত্তীর্ণের পরের দিন হতে নির্দেশ বিজ্ঞপ্তিতে বর্ণিত সুদ হারের পাশাপাশি মেয়াদোত্তীর্ণ কিস্তির/অর্থের উপর আরো ১.৫০ শতাংশ হারে দন্ড সুদ আরোপ করে আদায় করতে হবে।

১১. এফডিআর (তৃতীয় পক্ষের এফডিআরসহ)/ডিপোজিট স্কিমের বিপরীতে ঋণ প্রদানের ক্ষেত্রে বিদ্যমান মার্জিন ও ঋণের সুদ হার পরিবর্তনের প্রয়োজন হলে তা ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও কর্তৃক অনুমোদিত হতে হবে (নিঃবিঃ-১০৮৯/২১, তারিখঃ ২২.১১.২০২১)।

বিষয় : ঋণ ও অগ্রিম এর সুদ হার পুন:নির্ধারণ ।

১২. বিআরপিডি সার্কুলার নং-০৪ তারিখ ২৫ জানুয়ারি ২০১২ এর নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট মাসের ৭ তারিখের মধ্যে উক্ত মাসের ঘোষিত সুদ হার বিবরণী Web Portal এর মাধ্যমে Enterprise Data Warehouse (EDW)-এ আপলোড চলমান থাকবে।

১৩. বিআরপিডি সার্কুলার নং-০৩ তারিখ ২৪ ফেব্রুয়ারি ২০২০ এর প্রেক্ষিতে জারিকৃত নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর ৯৬২/২০২০ তারিখ ২১ জুন ২০২০ এবং কৃষি/পল্লী ঋণের সুদ হার সংক্রান্ত বিআরপিডি সার্কুলার নং-০৮ তারিখ ২২ এপ্রিল ২০২১ এর প্রেক্ষিতে জারিকৃত নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর ১০৫১/২০২১ তারিখ ২০.০৬.২০২১ এর সকল নির্দেশনা রহিত করা হলো।

১৪. ০১ জানুয়ারি ২০২৪ হতে নতুন মঞ্জুরিকৃত/নবায়নকৃত/পুনঃতফসিলকৃত/পুনর্গঠনকৃত ঋণের ক্ষেত্রে পরিবর্তিত সুদ হার প্রযোজ্য হবে। এছাড়াও যেসকল ঋণের সুদহার পরিবর্তনের ৬মাস পূর্ণ/অতিক্রান্ত হয়েছে সেসকল ঋণের ক্ষেত্রেও পুনঃনির্ধারিত সুদহার ও নির্দেশনা প্রযোজ্য হবে।

১৫. এতদবিষয়ে জারিকৃত নির্দেশ বিজ্ঞপ্তি ১২২১/২৩ তারিখ ০২.০৮.২০২৩ এবং নির্দেশ বিজ্ঞপ্তি ১২৩৪/২৩ তারিখ ৩০.১০.২০২৩সহ এতদসংক্রান্ত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশনা ০১ জানুয়ারি ২০২৪ থেকে কার্যকর হবে।